

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১২৫/২০১৬

অভিযোগকারী : জনাব এস এম সেলিম সারওয়ার  
পিতা- মৃত আবুল বাশার  
বর্তমান ঠিকানা-৩৮ আল্লামা ইকবাল  
রোড, ডাকঘর-নারায়ণগঞ্জ-১৪০০  
থানা- ফতুল্লা, জিলা-নারায়ণগঞ্জ।

প্রতিপক্ষ : মোঃ মোতাহার হোসেন খান  
সহকারী প্রশাসক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন  
৪ নিউ ইঙ্কাটন রোড  
মগবাজার, ঢাকা-১০০০।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ০৯-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ, ৪ নিউ ইঙ্কাটন রোড, মগবাজার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ এর নিয়ন্ত্রণাধীন নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানাধীন “আল-আমীন জামে মসজিদ ও এবতেদায়ী মাদ্রাসা ওয়াক্ফ এষ্টেট (যাহার ইসি নং-১৭১১৪) এর আওতাধীন মাসদাইর মৌজার সি.এস ও এস এ দাগ অনুযায়ী কোন দাগের কতটুকু ভূমি ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ এর নিকট নিবন্ধন করা হইয়াছে এবং নিবন্ধন করার লক্ষ্যে কে কে ওয়াক্ফ প্রশাসক বাংলাদেশ এর নিকট দরখাস্ত দাখিল করিয়াছিলেন তাহাদের নাম ও ঠিকানা সম্বলিত প্রার্থিত তথ্যের পূর্ণাঙ্গ বিবরণ।

২। আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ০৫-০১-২০১৬ তারিখে ওঃপ্র/নারাঃ/১৭৫ নং স্মারকে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য মিথ্যা ও বিআস্তিমূলক উল্লেখ করে অভিযোগকারী ২০-০৩-২০১৬ তারিখে জনাব মোঃ আবুল জিলিল, ভারপ্রাপ্ত সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাত্রী বাংলাদেশ সরকার বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর আপীল কর্তৃপক্ষ (আরটিআই) ১৯-০৪-২০১৬ তারিখে ১১.০০ ঘটিকায় সচিব মহোদয়ের অফিস কক্ষে আপীল শুনানীর তারিখ, সময় ও স্থান নির্ধারণ করে অভিযোগকারীকে পত্র প্রদান করেন। পরবর্তিতে প্রার্থিত তথ্যের বিষয়ে কোন প্রতিকার না পেয়ে তিনি ১০-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। এর পরিপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অভিযোগকারীকে প্রদত্ত তথ্য (স্মারক নং ওঃপ্র/নারাঃ/১৭৫, তারিখ- ০৫-০১-২০১৬ ) মিথ্যা ও বিআস্তিমূলক উল্লেখ করেন। অতঃপর তথ্য অধিকার আইন অনুযায়ী আপীল আবেদন করলেও অদ্যবধি প্রার্থিত তথ্য পান নি। এমতাবস্থায় তিনি প্রার্থিত তথ্যের বিষয়ে কোন প্রতিকার না পেয়ে তথ্য কমিশনে অত্র অভিযোগ দাখিল করেন এবং মিথ্যা ও বিআস্তিমূলক তথ্য সরবরাহ করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বজ্বে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মোশাররফ হোসাইন কর্তৃক ২টি পত্র যথাক্রমে ১. স্মারক নং ওঃপ্র/নারাঃ/১৭৫, তারিখ- ০৫-০১-২০১৬ এবং ২. স্মারক নং ওঃপ্র/নারাঃ/১৮৬, তারিখ- ২৭-০১-২০১৬ মারফত প্রার্থিত সকল তথ্য সরবরাহ করেছেন। তথাপি অভিযোগকারী উদ্দেশ্যমূলকভাবে তথ্য কর্মকর্তা তথা বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনকে বিভাস্ত করার নিমিত্তে উক্ত আপীল আবেদন করেছেন মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বজ্বে শ্রবণাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয় যে, প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে দুটি স্মারকমূলে (১. স্মারক নং ওঃপ্র/নারাঃ/১৭৫, তারিখ- ০৫-০১-২০১৬ এবং ২. স্মারক নং ওঃপ্র/নারাঃ/১৮৬, তারিখ- ২৭-০১-২০১৬) চাহিত তথ্যাদি সরবরাহ করেছেন মর্মে প্রতীয়মান হয়। উপরন্ত বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি পুনরায় সুচারূপভাবে প্রস্তুত করে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ মোতাহার হোসেন খান, সহকারী প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন, ৪ নিউ ইক্সাটন রোড, মগবাজার, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধাৰা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার